

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৯৮

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৬
০৩ মার্চ ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ৩ মার্চ ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:
যশোর, কুষ্টিয়া, খুলনা, ফরিদপুর, মাদারীপুর, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, ঢাকা এবং চট্টগ্রাম অঞ্চল সমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

পূর্বাভাসঃ ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি/বজ্রসহ বৃষ্টির প্রবণতা অব্যাহত থাকতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩১.০	২৯.৬	৩২.৫	৩১.২	৩০.৪	৩০.০	৩১.৬	৩২.০
সর্বনিম্ন তাপমাত্রা	১৭.০	১৮.২	১৬.১	১৬.২	১৭.৮	১৪.১	১৫.৭	১৬.৫

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সীতাকুন্ড ৩২.৫° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৪.১°সেঃ।

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০১/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০২/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট

৩১টি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকাণ্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকাণ্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	১০	০	০
২।	ময়মনসিংহ	২	০	০
৩।	বরিশাল	৩	২	০
৪।	সিলেট	৪	০	০
৫।	রাজশাহী	০	০	০
৬।	রংপুর	৩	০	০
৭।	চট্টগ্রাম	৫	১	২
৮।	খুলনা	৪	০	০
	মোট	৩১	৩	২

উল্লেখযোগ্য অগ্নিকাণ্ড (জেলাভিত্তিক তথ্য):

১। **বরিশালঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষ থেকে টেলিফোন ও এসএমএস বার্তার মাধ্যমে জানানো হয়েছে যে, গত ০২.০৩.২০২০খ্রিঃ তারিখ দুপুর ২.৩৩ ঘটিকায় বটতলা পুলিশফারী সংলগ্ন, বরিশাল এলাকায় একটি তিনসেড কাঠের ঘরে গ্যাস সিলিন্ডার লিক করে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ০৫ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে দুপুর ০৩.৫০ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকাণ্ডে উৎপন্ন ধোয়ার ফলে ২ (দুই) জন ফায়ার সার্ভিসের কর্মী হালকা আহত হয়।

২। **চট্টগ্রামঃ** জেলা প্রশাসন, চট্টগ্রাম এর পত্রনম্বর ০৫.৪২.১৫০০.২১১.৯৫.০৩৭.১৯.১২৯, তারিখ ০২.০৩.২০২০খ্রিঃ এর মাধ্যমে জানানো হয়েছে যে, ০১.০৩.২০২০খ্রিঃ তারিখ দিবাগত রাত ১.২৫ টায় চট্টগ্রাম মহানগরের ১৬ নং উত্তর হালি শহরের ওয়ার্ডস্ বড়পুল এলাকায় সংঘটিত অগ্নিকাণ্ডে হাজী জহিরুল হকের কয়েকটি ব্যাচেলর ভাড়া ঘর এবং ৬টি দোকান (সেমিপাকা) ঘর পুড়ে গেছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স রাত ২.৩৫টায় আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়। অগ্নিকাণ্ডে ২ (দুই) জন নিহত এবং ১ জন আহত হয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর আজকের রিপোর্টে এ তথ্য দেখানো হয়েছে। আহত ব্যক্তি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। নিহত ও আহতদের তথ্য নিম্নে উল্লেখ করা হলোঃ

(ক) নিহতদের তথ্যঃ

ক্রঃ নং	মৃত ব্যক্তির নাম ও বয়স	মৃত ব্যক্তির ঠিকানা	মন্তব্য
১।	মোহন (৩৫)	চান্দিনা, কুমিল্লা	মৃতদেহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হালিশহর থানায় প্রেরণ করা হয়েছে।
২।	জাকির (৩৫)	কচুয়া, চাঁদপুর	

(খ) আহতের তথ্যঃ

ক্রঃ নং	আহত ব্যক্তির নাম ও বয়স	আহত ব্যক্তির ঠিকানা	মন্তব্য
১।	কবির হোসেন (৪৫), পিতা- ইনচন	এখনো জানা যায়নি।	চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের ৩৬ নং ওয়ার্ডে চিকিৎসাধীন।

৩-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৯৮/১

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৬
০৩ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক (সকল)
- ৩) উপ-পরিচালক (সকল)
- ৪) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা
- ৫) প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৩-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)